



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ আয়োজিত 'রাষ্ট্র ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর নেতৃত্ব ও দর্শন' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ আগস্ট ২০২২।

মুজিব শতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ কর্তৃক আয়োজিত 'রাষ্ট্র ব্যবস্থাপনায় বঙ্গবন্ধুর নেতৃত্ব ও দর্শন' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছান্দেকুল আরেফিনের সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. মো. আবু তাহের। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়া। এসময় প্রধান অতিথি প্রফেসর ড. আবু তাহের তার বক্তব্যে বলেন, জনগনের প্রতি আস্থা ও বিশ্বাসই ছিলো বঙ্গবন্ধুর রাজনীতির মূলভিত্তি। জনগনের শক্তিতে বলিয়ান হয়ে তিনি গণতান্ত্রিক উপায়ে এদেশের প্রতিটি আন্দোলন সংগ্রামের নেতৃত্ব দিয়েছেন। পৃথিবীর ইতিহাসে তিনি একমাত্র ব্যক্তি যিনি ভাষাভিত্তিক জাতীয়তাবাদের প্রজ্ঞলন ঘটিয়ে অঙ্ককারের শক্তি সাম্প্রদায়িকতাকে পরাছ করে সকলের ঐক্যবন্ধতায় স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা করেছিলেন। তাঁর দূরদর্শী নেতৃত্বে অতি অল্প সময়ে পৃথিবীর অধিকাংশ দেশের স্বীকৃতি আদায় এবং বিভিন্ন আন্তর্জাতিক ফোরামের সদস্য পদ লাভ করে বাংলাদেশ। রাজনৈতিক নেতা হিসেবে বঙ্গবন্ধু যেমন ছিলেন অসামান্য ও অপ্রতিদ্রুণী, ঠিক তেমনি রাষ্ট্রনায়ক হিসেবেও ছিলেন সফল ও অপ্রতিদ্রুণী। ১০ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০:৩০ টায় অনুষ্ঠিত ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক নুসরাত শারমিন লিপি। ওয়েবিনারে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ যুক্ত ছিলেন। অনুষ্ঠানটি সম্পাদনা করেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক সুরজিত কুমার মন্তল। উল্লেখ্য মুজিব জন্মবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত ২৪টি বিভাগের ধারাবাহিক ওয়েবিনার কর্মসূচি ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ কর্তৃক আয়োজিত এ ওয়েবিনারের মাধ্যমে শেষ হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২-এ খন্দক
—

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস